গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সংস্থাপন-১ শাখা
www.mole.gov.bd

নম্বর: ৪০.০০.০০০০.০২০.৩৮.০০২.২২-৩০৮

তারিখ: ১২ শ্রাবণ, ১৪২৯ বঙ্গাব্দ
২৭ জুলাই, ২০২২ খ্রি:

প্রজ্ঞাপন

জনাব মোঃ আতিকুর রহমান, উপমহাপরিদর্শক (চলতি দায়িত্ব), উপমহাপরিদর্শকের কার্যালয়, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, নরসিংদীর বিরুদ্ধে গত ১০-০৩-২০২২ খ্রি: তারিখে জনাব সেলিনা আক্তার, চেয়ারম্যান, ওয়েস্টার্ন ফুটওয়্যার লিমিটেড, ডাকঘর-ঘাসহাওলা, উপজেলা-পলাশ, জেলা-নরসিংদী, বাংলাদেশ শ্রম বিধিমালা-২০১৫ এর ফরম নং ৭৬ ও ৭৭ পূরণপূর্বক বিধি মোতাবেক লাইসেন্স প্রাপ্তির আবেদনটি (নরসিংদী কার্যালয়ের ডায়েরী নং- ১৪০৭, তারিখঃ ১০-০৩-২০২২) সংশ্লিষ্ট এলাকার দায়িত্বপ্রাপ্ত পরিদর্শককে মার্ক না করে তার নিকট রাখে বা সে নিজেও কোন কার্যক্রম গ্রহণ করেন নাই, যার ফলে যথাসময়ে নাগরিক সেবা বিঘ্নিত করেছেন। উক্ত প্রতিষ্ঠানের লাইসেন্স আবেদন প্রাপ্তির পর বিধি মোতাবেক আবেদনটি সংশ্লিষ্ট এলকার দায়িত্ব প্রাপ্ত পরিদর্শক-কে মার্ক না করে তার কাছে রাখায় ও অসৎ উদ্দেশ্য নিয়ে এবং অনৈতিকভাবে কারখানা কর্তৃপক্ষের সাথে যোগাযোগপূর্বক ৫০০০০/-(পঞ্চাশ হাজার) টাকা দাবি করায় সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' ও ৩(ঘ) অনুযায়ী 'দুর্নীতি পরায়ণ'-এর অভিযোগে গত ০২-০৬-২০২২ তারিখের ৪০.০০.০০০০.০২০.৩৮.২৪৮.১৭-২৫১ নং স্মারকের মাধ্যমে ০৩/২০২২ নং বিভাগীয় মামলা রুজু করা হয়। অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণপূর্বক ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জবাব দেয়ার জন্য নির্দেশ প্রদান করা হয়। তিনি জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানির জন্য আবেদন করেন। অতঃপর গত ২০-০৭-২০২২ তারিখ তাঁর ব্যক্তিগত শুনানি গ্রহণান্তে ২৭-০৭-২০২২ তারিখে আদেশের জন্য দিন ধার্য করা হয়।

০২। তিনি ব্যক্তিগত শুনানিতে বলেন যে, গত ১০-০৩-২০২২ তারিখে জনাব সেলিনা আক্তার, চেয়ারম্যান, ওয়েষ্টার্ন ফুটওয়্যার লিমিটেড, বাংলাদেশ শ্রম বিধিমালা-২০১৫ এর ফরম নং ৭৬ ও ৭৭ পূরণপূর্বক বিধি মোতাবেক লাইসেন্স প্রাপ্তির আবেদনটি (নরসিংদী কার্যালয়ের ডায়রী নং-১৪০৭, তারিখ: ১০-০৩-২০২২) সংশ্লিষ্ট এলাকার দায়িত্বপ্রাপ্ত পরিদর্শক-কে মার্ক না করে নিজের কাছে রেখেছি বা আমি নিজেও কোন কার্যক্রম গ্রহণ করি নাই, ফলে যথা সময়ে নাগরিক সেবা বিঘ্নিত হয়েছে। উক্ত প্রাপ্তির আবেদনটি গত ১০-০৩-২০২২ তারিখে কুরিয়ার যোগে নরসিংদী কার্যালয়ে পৌছে। আবেদনটি পাওয়া মাত্রই ডায়েরীভুক্ত করা হয়। কারখানা লাইসেন্স ইস্যুর অন্যতম পূর্বশর্ত হচ্ছে মেশিন লে-আউট প্লান অনুমোদন, উক্ত দপ্তরের একমাত্র শ্রম পরিদর্শক (সেফটি) জনাব ওমর ফারুক গত ১৪-০৩-২০২২ হতে ১৩-০৪-২০২২ তারিখ পর্যন্ত ILO RMGP-II এর Master Trainer Development Program এর ট্রেনিং-এ থাকায় কাজটি শুরু করা সম্ভব হয় নাই। লাইসেন্স প্রাপ্তির আবেদনটি পাওয়ার পর ০১৭১৬-৪১৯৯৪৬ নম্বর থেকে ফোন করে মন্ত্রী মহোদয়ের গানম্যান পরিচয় দিয়ে মহব্বত সাহেব আমাকে বলেন লাইসেন্সটি তার এবং এটি দ্রুত দিয়ে দিতে হবে। আমি আবেদনের কাগজগুলি যাচাই করে দেখতে পাই যে, ট্রেড লাইসেন্সে মালিকের নাম ১. গোলাম রহমান ও ২. সেলিনা আক্তার থাকলেও আবেদনের কাগজগুলির মধ্যে তাদের কোন জাতীয় পরিচয় পত্র নাই, মালিকের পরিচয়পত্রের পরিবর্তে মোহাম্মদ বাবুল আকতার নামে একটি জাতীয় পরিচয় পত্র পাওয়া যায়, যার সাথে আবেদনের অন্যান্য কাগজের কোন মিল নাই। আমি তখন মহব্বত সাহেবকে ফোন করে গোলাম রহমান ও সেলিনা আক্তার দ্বয়ের জাতীয় পরিচয় পত্রের কপি পাঠাতে বলি, Whatsapp এ সেলিনা আক্তারের জাতীয় পরিচয় পত্রটি পাঠালেও উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক জনাব গোলাম রহমান এর জাতীয় পরিচয় পত্রটি পাওয়া যায় নাই। লাইসেন্স প্রাপ্তির সকল কাগপত্র না থাকায় এবং মেশিন লে-আউট প্লানের সাথে স্থাপনা নির্মাণের মিল না থাকায় লাইসেন্স মঞ্জুর করা সম্ভব হয় নাই।

০৩। আমার বিরুদ্ধে আরও অভিযোগ করা হয় যে, আমি অসৎ উদ্দেশ্য নিয়ে এবং অনৈতিকভাবে কারখানা কর্তৃপক্ষের সাথে যোগাযোগপূর্বক ৫০০০০/-(পঞ্চাশ হাজার) টাকা দারি করেছি। ওয়েষ্টার্ন ফুটওয়্যার লিমিটেড এর জনাব গোলাম রহমান, জনাব সেলিনা আক্তার অথবা কর্তৃপক্ষের অন্য কারো সাথে আমার কোন পরিচয় ছিল না, আমি কাউকেই ব্যক্তিগতভাবে চিনি না, কারও সাথে আমার কোন প্রকার যোগাযোগ হয়নি এবং কারও ফোন নম্বরও আমার কাছে ছিল না। ওয়েষ্টার্ন ফুটওয়্যার লিমিটেড এর পক্ষে প্রতিষ্ঠানটির মহাব্যবস্থাপক গত ০৮-০৬-২০২২ তারিখে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয়, নরসিংদীতে প্রতিষ্ঠানটির লাইসেন্স প্রাপ্তির জন্য গোলাম রহমান ও সেলিনা আক্তার দ্বয়ের জাতীয় পরিচয় পত্রসহ আবেদন করে, কাগজপত্র যাচাই-আন্তে এবং লে-আউট প্লান সংশোধনের শর্তে গত ১৪-০৬-২০২২ তারিখে স্বাক্ষরিত লাইসেন্সটি প্রতিষ্ঠানটির ব্যবস্থাপনা পরিচালক জনাব গোলাম রহমানের নিকট হস্তান্তর করা হয়। এসময় তার নিকট ৫০০০০/-(পঞ্চাশ হাজার) টাকা দাবির বিষয়টি জানতে চাইলে তিনি লিখিতভাবে জানান নরসিংদী কার্যালয়ের উপমহাপরিদর্শক অথবা তার পক্ষে অন্য কেহই, তার কাছে অথবা তার প্রতিষ্ঠান কর্তৃপক্ষের কারও কাছে কোন প্রকার টাকা দাবি করেন নাই। তার বিরুদ্ধে আনীত অভিযোগটি সম্পূর্ণ মিথ্যা ও ভিত্তিহীন বিধায় তিনি উক্ত অভিযোগ হতে অব্যাহতি প্রার্থনা করেন।

০৪। আদেশের জন্য ধার্য তারিখে জনাব মোঃ আতিকুর রহমানের ব্যক্তিগত শুনানির বক্তব্য, লিখিত জবাব এবং অন্যান্য কাগজপত্র পর্যালোচনা করা হলো। পর্যালোচনা ও পারিপার্শ্বিক অবস্থা বিবেচনায় এনে দেখা যায় যে, বর্ণিত কারখানার ব্যবস্থাপনা পরিচালক লিখিতভাবে জানান যে, অভিযুক্ত কর্মকর্তা অথবা তাঁর পক্ষে অন্য কেহই, তাঁর কাছে অথবা তাঁর প্রতিষ্ঠান কর্তৃপক্ষের কারও কাছে কোন প্রকার টাকা দাবি করেননি। তা'ছাড়া এ বিষয়ে মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের গানম্যান পরিচয় দিয়ে মহব্বত সাহেবের তদবির এবং পরবর্তীতে সংশ্লিষ্ট কাগজপত্রের মিল না থাকা, এ বিষয়গুলো জটিলতার সৃষ্টি করে যা অহেতুক এবং অসামঞ্জস্য, যার ফলে এ বিড়ম্বনার সৃষ্টি হয়েছে বলে প্রতিয়মান হয়।

০৫। সুতরাং সকল বিষয়াদি বিবেচনায় প্রতিয়মান হয় যে, জনাব মো: আতিকুর রহমানের বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণীত হয়নি। সুতরাং তিনি নির্দোষ, তিনি এ অভিযোগ হতে অব্যাহতি পাওয়ার যোগ্য।

০৬। তাই জনাব মো: আতিকুর রহমানের বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী 'অসদাচরণ' ও দুর্নীতি পরায়নের আনীত অপরাধ প্রমাণীত না হওয়ায় তাঁকে এ অভিযোগসমূহ হতে অব্যাহতি প্রদান করা হলো। একই সাথে এ মামলা নিষ্পত্তি করা হলো।

০৭। এ আদেশ অবিলম্বের কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

27/7/2022

(মোঃ এহছানে এলাহী)
সচিব
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

নম্বর: ৪০.০০.০০০০.০২০.৩৮.০০২.২২-৩০৮/(১১)

তারিখ: ১২ শ্রাবণ, ১৪২৯ বঙ্গাব্দ
২৭ জুলাই, ২০২২ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১। মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ঢাকা।
১। মাননীয় প্রতিমন্ত্রীর মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৫। উপমহাপরিদর্শক, উপমহাপরিদর্শকের কার্যালয়, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, নরসিংদী।
৬। বর্তমান ঠিকানা: জনাব মো: আতিকুর রহমান, উপমহাপরিদর্শক (চ:দা), উপমহাপরিদর্শকের কার্যালয়, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ২৬/২, ৩ রোয়া, জেলাখানা মোড়, নরসিংদী।
৭। স্থায়ী ঠিকানা: জনাব মো: আতিকুর রহমান, পিতা:মৃত আব্দুল গাফফার, বাড়ী নং-৬৩, ওয়ার্ড নং-০৩, ইউনিয়ন-৫, সেক্টর-১, নতুন উপশহর, উপজেলা-কোতোয়ালী, জেলা: যশোর।
৮। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, নরসিংদী।
৯। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (অতিরিক্ত সচিবের অবগতির জন্য)।
১০। যুগ্মসচিব (সংস্থাপন) এর ব্যক্তিগত কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (যুগ্মসচিবের অবগতির জন্য)।
১১। অফিস কপি/গার্ড ফাইল।

২৭.০৭.২০২২

(মোহাম্মদ আহম্মেদ আলী)
উপসচিব
ফোন-+৮৮০২২২৩৩৫৭১৪০
Section10@mole.gov.bd